



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১১৩

বেগম রোকেয়া দিবস নারীমুক্তির প্রতীক

- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি বলেছেন, বেগম রোকেয়া দিবস নারীদের দমিয়ে রাখার বিরুদ্ধে মুক্ত হবার প্রতীক। আজ শুক্রবার (০৯ ডিসেম্বর) দুপুরে বাঘা উপজেলা পরিষদ মিলনায়তনে বেগম রোকেয়া দিবস ২০২২ উদ্বোধন ও জয়িতাদের সংবর্ধনা প্রদান উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, বেগম রোকেয়া একজন প্রতিবাদী নারী ছিলেন। সমাজে নারীদের তিনিই প্রথম নিজস্ব পরিচয়ে বাঁচার প্রেরণা জুগিয়েছেন। নারীদের এগিয়ে আসার পেছনে এই মহিয়সী নারীর অবদান অপরিসীম। তাই তিনি আজকের নারী-পুরুষ সমানাধিকারের সমাজে নারীমুক্তির অগ্রদূত হয়ে রয়েছেন।

শাহরিয়ার আলম বলেন, এখন আমাদের সমাজে অনেক নারী নানা প্রতিকূলতা পেরিয়ে নিজের পায়ে দাঁড়ানোর সাহস পাচ্ছেন। বাংলাদেশের জয়িতা ফাউন্ডেশন সেইসব নারীদেরকে খুঁজে বের করে সমাজে তুলে ধরছে। এতে অন্যরা এগিয়ে যাওয়ার পথে আরও সাহস-অনুপ্রেরণা পাচ্ছে। যে প্রতিষ্ঠানটি করে দিয়েছেন প্রধানমন্ত্রীর শেখ হাসিনা। কারণ- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নারীবান্ধব সরকার। এখন এই প্রতিষ্ঠানটি বিশ্বে একটি উজ্জ্বল নক্ষত্র।

বাল্যবিবাহকে নারীদের এগিয়ে যাবার পথে বর্তমানে একটি অন্তরায় উল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, করোনা অতিমারি শুরু হওয়ার আগে আমাদের দেশে বাল্যবিবাহ কমে গিয়েছিল। করোনাকালে স্কুল-কলেজ বন্ধ থাকায় এটা আবার বেড়ে গেছে। এখন সকলের সহযোগিতায় এটা কমিয়ে আনতে হবে। এর জন্য জনসচেতনতা তৈরি করতে হবে তা না হলে নারীদের অর্জন নষ্ট হবে। আমাদেরকে এমন সজাগ থাকতে হবে যেন ২০২৩ সালের জানুয়ারি থেকে একটাও বাল্যবিবাহ না হয়।

নারীউদ্যোক্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, আমি নারীউদ্যোক্তাদের পছন্দ করি। তাদের সহযোগিতা করার চেষ্টা করি। যে নারী স্বাবলম্বী হওয়ার অভিযুক্ত করে তাদের সহযোগিতা করা আমাদের কর্তব্য। সামাজিকভাবে দুর্বল নারীদের সহযোগিতা করা আমাদের সকলের দায়িত্ব। বাঘা উপজেলায় নারীউদ্যোক্তাদের নিয়ে একটা প্রতিযোগিতা করলে ভালো হয়- এতে যদি আমরা দশজন উদ্যোক্তা বের করতে পারি তা হলে আগামীতে ১০০ জন বের হবে।

এ সময় তিনি আগামী দিনে জয়িতাদের চলার পথে সহযোগিতার আশ্বাস দেন। আলোচনাসভা শেষে জয়িতাদের হাতে ফ্রেস্ট তুলে দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

অনুষ্ঠানে বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আক্তারের সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান অ্যাড. মোঃ লায়ের উদ্দীন লাভলু, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী, রাজনীতিক, শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৭.৩০ঘ.